# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 12 April, 2025

নববর্ষের বর্ণিল শোভাযাত্রাকে ঘিরে যখন রাজধানীর চারুকলা প্রাঙ্গণ সেজে উঠছিল, ঠিক তখনই ভোররাতে ঘটে গেল এক রহস্যজনক অগ্নিকাণ্ড।চারুকলা অনুষদের নববর্ষের আয়োজনের জন্য তৈরি দুটি মোটিফে হঠাৎ আগুন লেগে যায়।বিষয়টিকে ‘রহস্যজনক’ হিসেবে উল্লেখ করেছে ফায়ার সার্ভিস, শুরু হয়েছে পুলিশের তদন্তও।

শনিবার (১২ এপ্রিল) ভোর ৫টা ৪ মিনিটে আগুন লাগার খবর পায় ফায়ার সার্ভিস।খবর পেয়ে পুরান ঢাকার সিদ্দিকবাজার ফায়ার স্টেশনের দুটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় এবং মাত্র ১৮ মিনিটের মধ্যে, ৫টা ২২ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আনে।

সিদ্দিকবাজার ফায়ার স্টেশনের কর্মকর্তা রুহুল আমিন মোল্লা বলেন, শোভাযাত্রার জন্য অনেক মোটিফ তৈরি করা হয়েছিল।কিন্তু শুধু দুটি নির্দিষ্ট মোটিফে আগুন লাগা নিঃসন্দেহে রহস্যজনক।বিষয়টি আমরা গুরুত্ব দিয়ে দেখছি।

ফায়ার সার্ভিস সদর দপ্তরের মিডিয়া সেলের ভারপ্রাপ্ত কর্মকর্তা উপসহকারী পরিচালক মো. শাহজাহান শিকদার বলেন, পূর্ণাঙ্গ তদন্ত না করে আগুন লাগার কারণ নিশ্চিত করে বলা সম্ভব নয়।আমরা সবদিক খতিয়ে দেখছি।

পুলিশ জানিয়েছে, যেসব মোটিফে আগুন লেগেছে, তার একটি ছিল ‘ফ্যাসিবাদের মুখাকৃতি’ এবং অপরটি ‘শান্তির পায়রা’।শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খালিদ মনসুর বলেন, আগুন কিভাবে লাগল, সেটি খুঁজে বের করতে তদন্ত চলছে। ইতিমধ্যে ঘটনাস্থল থেকে আলামত সংগ্রহ শুরু করেছে পুলিশ।

ঘটনার পরপরই ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, প্রক্টর ও অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেন। চারুকলা অনুষদ এক বিবৃতিতে জানায়, ‘ফ্যাসিবাদের মুখাকৃতি’ মোটিফটি কে বা কারা পুড়িয়ে দিয়েছে, তা এখনও নিশ্চিত নয়।তারা এ ঘটনায় গভীর দুঃখ প্রকাশ করেছে।

বিশ্ববিদ্যালয় প্রশাসন জানিয়েছে, বিষয়টি নিয়ে একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে এবং ঘটনার তদন্তে একটি কমিটি গঠন করা হয়েছে।

অগ্নিকাণ্ড নববর্ষ চারুকলা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 00:06

URL: https://www.timestodaybd.com/national/65510438